

# নবীনবরণ করল ইউসিএসআই ইউনিভার্সিটি বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক

১৭ মে, ২০২৫ ১৯:১৩

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

উৎসবমুখর পরিবেশে মালয়েশিয়ার ইউসিএসআই ইউনিভার্সিটির বাংলাদেশ ব্রাঞ্চ ক্যাম্পাসে সামার সেমিস্টারের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে শনিবার (১৭ মে) রাজধানীর বনানীতে ইউনিভার্সিটির অডিটোরিয়ামে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে নতুন শিক্ষার্থী, অভিভাবক এবং ইউনিভার্সিটির শিক্ষকরা অংশ নেন।

ওরিয়েন্টেশনের উদ্বোধনী পর্বে নতুন শিক্ষার্থীদের স্বাগত জানান এবং ইউনিভার্সিটির পরিচিতি তুলে ধরে বক্তব্য রাখেন চিফ একাডেমিক অ্যাডভাইজার প্রফেসর একে এনামুল হক পিএইচডি, ফ্যাকাল্টি অব সোশ্যাল সায়েন্স এন্ড লিবারেল আর্টসের ডিন প্রফেসর বিজয় প্রসাদ বড়ুয়া পিএইচডি, ফ্যাকাল্টি অব বিজনেস ম্যানেজমেন্টের ডিন প্রফেসর গোলাম আহমেদ ফারুকী পিএইচডি, প্রফেসর মিজানুর রহমানসহ ফ্যাকাল্টির।

নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে প্রফেসর একে এনামুল হক হক বলেন, ইউসিএসআই ইউনিভার্সিটি বাংলাদেশ ব্রাঞ্চ ক্যাম্পাসের সকল কারিকুলাম ও সিস্টেম মালয়েশিয়ার মেইন ক্যাম্পাসের তত্ত্বাবধানে পরিচালিত হয়।

তিনি শিক্ষার্থীদের বলেন, আপনারা জ্ঞান অর্জনের নতুন স্তরে প্রবেশ করছেন। বর্তমান যুগ কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এর যুগ। তবে কৃত্রিম বুদ্ধিমত্তা তখনই প্রকৃত বুদ্ধিমত্তা হবে যখন সে তার উত্তরের ব্যাখ্যা দিতে পারবে। এখন পর্যন্ত সে ক্ষমতা কেবল মানুষেরই আছে।

তাই শিক্ষার্থীদের তিনি বিষয় ও পরিস্থিতি ব্যাখ্যা করার ক্ষমতা অর্জনের আহবান জানান।

### আরো পড়ুন



প্রতারণার অভিযোগে আমার বাড়ি আমার ঘর'র এমডির বিরুদ্ধে  
সংবাদ সম্মেলন

নবীন শিক্ষার্থী ও অভিভাবকদের স্বাগত জানিয়ে প্রফেসর বিজয় প্রসাদ বড়ুয়া বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা মুখস্থ ও তোতাপাখির শিক্ষা নয়। এই শিক্ষা মানবিকতার শিক্ষা দেয়। দেশ ও জাতির কল্যাণে ভূমিকা রাখার শিক্ষা দেয়।

ইউসিএসআই ইউনিভার্সিটি বাস্তব ও জীবনমুখী উচ্চ শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের অনুসন্ধান, গবেষণা, আবিষ্কার ও পুনঃআবিষ্কারের শিক্ষা দেয়। আমাদের শিক্ষার্থীদের জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে ভূমিকা রাখার উপযোগী করে গড়ে তুলতে ইউসিএসআই এর শিক্ষকরা সদা তৎপর।

এফবিএম ডিন প্রফেসর গোলাম আহমেদ ফারুকী বলেন, বিশ্ববিদ্যালয় জীবনে শিক্ষার্থীদের স্বপ্ন দেখার সময়। সে স্বপ্ন ঘুমিয়ে নয় বরং জেগে থেকে স্বপ্ন দেখা। আগের ফলাফল যাই হোক না কেন, এখন যে সুযোগ এসেছে সামনের চার বছর পরিপূর্ণভাবে তার সদব্যবহার করতে হবে।

তিনি বলেন, ইউসিএসআই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশে বসেই আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি অর্জনের যে সুযোগ পাচ্ছে তা কাজে লাগাতে হবে।

পরে সংশ্লিষ্ট শিক্ষকরা নতুন শিক্ষার্থীদের ইউসিএসআই ইউনিভার্সিটির পরিচিতি, কারিকুলাম ও কোর্স পরিচিতি, পাঠদান পদ্ধতি, পরীক্ষা, এক্সট্রা কারিকুলাম কার্যক্রম- ইত্যাদি বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। ব্রিফিং শেষে শিক্ষার্থীরা ক্যাম্পাস ভ্রমণ করেন এবং ক্লাসরুম, সেমিনার রুম, বিভিন্ন ল্যাব, লাইব্রেরি, স্পোর্টস জোন ঘুরে দেখেন।